



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

জাতীয় ঈদগাহ ও বায়তুল মুকাররম জাতীয় মসজিদে পবিত্র ঈদুল আযহার নামাযের সময়সূচি

ঢাকা, ৩০ আগস্ট ২০১৭, বুধবার ॥

যথাযথ মর্যাদা ও ধর্মীয় ভাবগাম্ভীর্য পরিবেশে আগামী ২ সেপ্টেম্বর শনিবার সারাদেশে পবিত্র ঈদুল আযহা উদযাপিত হবে। পবিত্র ঈদুল আযহা উপলক্ষে জাতীয় ঈদগাহ ময়দানে দেশের প্রধান ঈদ জামাআত সকাল ৮.০০ টায় অনুষ্ঠিত হবে। জাতীয় ঈদগাহে ঈদুল আযহার নামাযে ইমামতি করবেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম মাওলানা মুহাম্মদ মিজানুর রহমান। বিকল্প ইমাম হিসেবে উপস্থিত থাকবেন ঢাকার মিরপুরস্থ জামেয়া আরাবিয়া'র শায়খুল হাদীস মাওলানা সৈয়দ ওয়াহিদুয়্যামান।

পবিত্র ঈদুল আযহা উপলক্ষে বায়তুল মুকাররম জাতীয় মসজিদে পর্যায়ক্রমে ৫টি ঈদ জামাআত অনুষ্ঠিত হবে। প্রথম জামাআত সকাল ৭টা, দ্বিতীয় জামাআত সকাল ৮টা, তৃতীয় জামাআত সকাল ৯টা, চতুর্থ জামাআত সকাল ১০টা এবং পঞ্চম ও সর্বশেষ জামাআত সকাল ১০.৪৫ টা। ইমামতি করবেন- প্রথম জামাআতে বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পেশ ইমাম মুফতি মাওলানা মুহিবুল্লাহিল বাকী নদভী, দ্বিতীয় জামাআতে ইসলামিক ফাউন্ডেশনের মুহাদ্দিস মাওলানা ওয়ালিয়ুর রহমান খান, তৃতীয় জামাআতে ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক ড. মাওলানা মুহাম্মদ আবদুস সালাম, চতুর্থ জামাআতে ইসলামিক ফাউন্ডেশনের মুফতী মাওলানা মোহাম্মদ আবদুল্লাহ এবং পঞ্চম ও সর্বশেষ জামাআতে মহাখালী হোসাইনিয়া কামিল মাদ্রাসার প্রিন্সিপাল ড. মাওলানা নজরুল ইসলাম আল মারুফ।

সুষ্ঠু ও সুন্দরভাবে ঈদুল আযহার নামায আদায়ের জন্য মুসল্লীদের সুবিধার্থে বায়তুল মুকাররম জাতীয় মসজিদে পর্যাপ্ত পানি ও নিশ্চিত নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে।

(মুহাম্মদ নিজাম উদ্দিন)

সহকারী পরিচালক, জনসংযোগ

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৭২০০৪০৪৩২